কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

০৩. মূসা ইসলাম
আগুনিয়াতাইড়, সোনাতলা, বগুড়া।

০৪. রাকিবুল হাসান
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

০৫. মোছাঃ মিম খাতুন
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

০৬. মোঃ শরিফুল ইসলাম
কানুপুর, সোনাতলা, বগুড়া

০৭. মোছাঃ মালিহা নূরে জান্নাত
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

০৮. মার্জিহা আক্তার
চমরগাছা, সোনাতলা, বগুড়া।

০৯. নূরনবী
বালুরপাড়া, সোনাতলা, বগুড়া।

১০. মোছাঃ রিফা খাতুন
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

১১. শাকিলা আফরোজ
গড়ফতেহপুর, সোনাতলা, বগুড়া।

১২. মোঃ রিফাত হোসেন
গড়ফতেহপুর, সোনাতলা, বগুড়া।

১৩. মোঃ ছাব্বির হোসেন
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

১৪. মোঃ আল-আমিন
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

১৫. মোঃ সজিব মিয়া
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

১৬. রুবাবা খাতুন
গড়ফতেহপুর, সোনাতলা, বগুড়া।

১৭. আবুল কালাম
সুজাইতপুর, সোনাতলা, বগুড়া।

১৮. আরিফুল ইসলাম
বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

১৯. আরিফুল হক
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

২০. লেমন মিয়া
উজিরেরপাড়া বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

২১. আল আমিন ইসলাম
কাবিলপুর, সোনাতলা, বগুড়া।

পীরগাছা উপজেলা শাখা কমিটি

০১. মোঃ আবু-বক্কর সিদ্দিক
আহ্বায়ক

০২. মোঃ জিহাদ ইসলাম
যুগ্ম-আহ্বায়ক

০৩. মোঃ নাজমুল ইসলাম
যুগ্ম-আহ্বায়ক

পীরগাছা উপজেলা শাখা সদস্য তালিকা

০১. মোছাঃ নুসরাত জাহান
বড়পান মিয়া, পীরগাছা, রংপুর।

০২. বাধন ইসলাম
দশগাও, পীরগাছা, রংপুর।

০৩. এস এম সামিউল
দশগাও, পীরগাছা, রংপুর।

০৪. নাজমুল হক
দশগাও, পীরগাছা, রংপুর।

০৫. মোঃ মাসুদ মিয়া
দশগাও, পীরগাছা, রংপুর।

০৬. মোঃ সুমন ইসলাম
অনন্তরাম, পীরগাছা, রংপুর

০৭. রুমানা আক্তার
অনন্তরাম, পীরগাছা, রংপুর।

০৮. আবু-বক্কর সিদ্দিক
দশগাও, পীরগাছা, রংপুর।

০৯. ইয়াসমিন আরাফাত
অনন্তরাম, পীরগাছা, রংপুর।

১০. নিশাত পারভীন
অনন্তরাম, পীরগাছা, রংপুর।

১১. রাশেদ মিয়া
দশগাও, পীরগাছা, রংপুর।

১২. শাহানা আক্তার
দশগাও, পীরগাছা, রংপুর।

১৩. সোহেল রানা
দশগাও, পীরগাছা, রংপুর।

১৪. মোঃ জিহাদ ইসলাম
দশগাও, পীরগাছা, রংপুর।

সবুজসাথী উচ্চ বিদ্যালয় ইউনিট

০১. মোছাঃ সুমাইয়া আক্তার
উজিরেরপাড়া বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

০২. শ্রী সাধন রবিদাস
রানীরপাড়া, সোনাতলা, বগুড়া।

০৩. মোছাঃ ইনুফা আক্তার
উজিরেরপাড়া বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

০৪. আফরুজা খাতুন
উজিরেরপাড়া বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

০৫. মাহফুজা খাতুন
উজিরেরপাড়া বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

০৬. মিনু আখতার
উজিরেরপাড়া বাইগুনী, সাঘাটা, গাইবান্ধা।

দাতা সদস্য তালিকা

০১. মাওলানা ফজলুল করিম
সাবেক অধ্যক্ষ, সোনাতলা ফাজিল ডিগ্রী মাদ্রাসা।

০২. মোঃ জাহাঙ্গীর আলম নান্নু
মেয়র, সোনাতলা পৌরসভা।

০৩. মোঃ আবুল কালাম মুন্না
কর্মকর্তা, প্যাড্রোলা বাংলাদেশ।

০৪. মোঃ আব্দুলাহ আল মাসুদ
প্রধান শিক্ষক, হরিখালি উচ্চ বিদ্যালয়।

০৫. ড. এ কে এম আজাদুর রহমান উজ্জ্বল
কবি ও বিজ্ঞানী

০৬. মোঃ আহম্মাদ আলী সরদার
অব: কর্মকর্তা, বাংলাদেশ বডার গার্ড

০৭. জামিল আখতার বীনু
লেখক ও সম্পাদক কতকথা

০৯. মোঃ রাশেদুজ্জামান রন
সমন্বয়ক, যুদ্ধ দলিল

১০. মোঃ আবু হোসেন নিবির
কাবিলপুর, সোনাতলা, বগুড়া

আলোর প্রদীপ সম্মাননা স্মারক প্রাপ্ত সদস্য তালিকা

০১. মোঃ আজাদ হোসেন
পায়েল স্মৃতি পদক - ২০০৯

০২. মোঃ মোকছেদুল ইসলাম
সম্মাননা স্মারক - ২০১০, ২০১২, ২০১৩

০৩. মোঃ শাহাবউদ্দিন আহম্মেদ
সম্মাননা স্মারক - ২০১১

০৪. এস এম আহসান কবির
সম্মাননা স্মারক - ২০১৪, ২০১৬, ২০১৭

০৫. মোঃ বাবলা হোসেন
সম্মাননা স্মারক - ২০১৫

সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য তালিকা

০১. মোঃ মহসীন আলী
পিতা: মোঃ খোকা সরকার
কাবিলপুর সোনাতলা, বগুড়া।

০২. মোঃ মামুনুর রশীদ
পিতা: মোঃ মোখলেছার রহমান
কাবিলপুর সোনাতলা, বগুড়া।

০৩. মোঃ মেহেদী হাসান রিপন
পিতা: মোঃ জাকির হোসেন
কাবিলপুর সোনাতলা, বগুড়া।

০৪. এম এম মেহেরুল
পিতা: মোঃ নজরুল ইসলাম
কাবিলপুর সোনাতলা, বগুড়া।

০৫. মোঃ স্বপন মিয়া
পিতা: মোঃ তজমল হোসেন মোল্লা
কাবিলপুর সোনাতলা, বগুড়া।

০৬. এস এম আহসান কবির
পিতা: মোঃ আহম্মাদ আলী সরদার
কাবিলপুর সোনাতলা, বগুড়া।

০৭. মোঃ আব্দুল রাজ্জাক
মৃত আব্দুল হক
ধামরাই, ঢাকা

০৮. মোঃ আতিকুর রহমান
মৃত লুতফর রহমান
গবারপাড়া, সোনাতলা, বগুড়া।

সংগঠন হতে সম্মাননা প্রাপ্ত গুণীজন

০১. জামিল আখতার বীনু (আজীবন সম্মাননা)
বিষয়: সমাজসেবা ও শিল্প, সাহিত্য - ২০১৮

০২. ড. এ কে এম আজাদুর রহমান উজ্জল (গুনীন সম্মাননা)
বিষয়: গবেষণা, সাহিত্য - ২০১৭

০৩. মোঃ আব্দুল্লাহ আল-মাসুদ (আলোর প্রদীপ সম্মাননা)
বিষয়: শিক্ষা - ২০১৮

০৪. ইকবাল কবির লেমন (আলোর প্রদীপ সম্মাননা)
বিষয়: লোক গবেষণা - ২০১৮

সাবেক কার্যপরিষদ সদস্য

০১. মোঃ মহসীন আলী
উপ চেয়ারম্যান (১ম কার্যপরিষদ)

০২. মোঃ মামুনুর রশীদ
উপ চেয়ারম্যান (৩য় কার্যপরিষদ)

০৩. মোঃ শাহাদত হোসেন
উপ চেয়ারম্যান (২য় কার্যপরিষদ)

০৪. মোঃ আতিকুর রহমান
কার্যকরি সদস্য, উপ চেয়ারম্যান (২য়, ৩য়, ৪র্থ কার্যপরিষদ)

০৫. মোঃ মেহেদী হাসান রিপন
সাধারণ সম্পাদক, উপ চেয়ারম্যান (১ম, ২য়, ৩য়, ৪র্থ কার্যপরিষদ)

০৬. মোঃ ছিদ্দিকুর রহমান
যুগ্ম-সাধারণ সম্পাদক (২য় কার্যপরিষদ)

০৭. মোঃ মনিরুল ইসলাম
যুগ্মপ্রচার সম্পাদক (২য় কার্যপরিষদ)

০৮. মোঃ মেহেদী হাসান বাপ্পি
কার্যকরি সদস্য (২য় কার্যপরিষদ)

০৯. মোঃ শিহাব হোসেন
কার্যকরী সদস্য (২য় কার্যপরিষদ)

১০. মোছাঃ আকলিমা আক্তার
কার্যকরি সদস্য (২য় কার্যপরিষদ)

১১. মোঃ বোরহান উদ্দিন হাসিব
যুগ্ম-প্রচার সম্পাদক (৪র্থ কার্যপরিষদ)

১২. কাজী হাফিজ আল আনাম পাভেল
কার্যকরি সদস্য (৪র্থ কার্যপরিষদ)

১৩. মোছাঃ আরেফা আক্তার
কার্যকরি সদস্য (৩য় কার্যপরিষদ)

১৪. মোঃ আবু হানিফ
যুগ্ম-সাংগঠনিক সম্পাদক (৩য় কার্যপরিষদ)

১৫. মোঃ আতিকুল ইসলাম আবুল
যুগ্ম-প্রচার সম্পাদক (৩য় কার্যপরিষদ)

১৬. মোঃ ইন্নাতুন মসনবি রাব্বি
যুগ্ম-সাংগঠনিক সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, পরিকল্পনা বিষয়ক সম্পাদক (৩য়.৪র্থ,৫ম কার্যপরিষদ)

১৭. মোঃ শাহাবউদ্দিন আহম্মেদ
প্রচার সম্পাদক, সাংগঠনিক সম্পাদক (১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম কার্যপরিষদ)

১৮. মোঃ রকিবুল হাসান রোকন
শিক্ষা ও গণশিক্ষা বিষয়ক সম্পাদক (৫ম কার্যপরিষদ)

১৯. মোঃ মোস্তফা কামাল
কোষাধ্যক্ষ (৫ম কার্যপরিষর্দ)

কর্ম এলাকা:

আলোর প্রদীপ বগুড়া ও রংপুর জেলার যেসব উপজেলায় শিক্ষা সহায়তা ও পুষ্টি প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করছে তা নিম্নরুপ-

জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : সোনাতলা সদর
শিক্ষাপ্রতিষ্ঠান : রংরারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
: রানীরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
: দঃ রানীরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়
: আড়িয়াচকনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়
: বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : সোনাতলা পৌড়সভা
শিক্ষাপ্রতিষ্ঠান : আমলীতলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়
: মধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
: চরমধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
জেলা : রংপুর
উপজেলা : পীরগাছা
ইউনিয়ন/গ্রাম : দশগাও
শিক্ষাপ্রতিষ্ঠান : দশগাও সরকারি প্রাথমিক বিদ্যালয়

আলোর প্রদীপ বৃত্তি প্রকল্প বাস্তবায়ন:

জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : সোনাতলা সদর
শিক্ষাপ্রতিষ্ঠান : রংরারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
: রানীরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
: দঃ রানীরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়
: আড়িয়াচকনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়
: বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
: কামালের পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : সোনাতলা পৌরসভা
শিক্ষাপ্রতিষ্ঠান : আমলীতলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়
: ক্যামব্রিজ কেজি স্কুল
: সোনাতলা প্রি-ক্যাডেট স্কুল
: সবুজসাথী সরকারি প্রাথমিক বিদ্যালয়
: সোনাতলা ফাজিল মাদ্রাসা
: জাহাঙ্গীর আলম গুডমর্নিং কেজি স্কুল
: আদর্শ শিশু নিকেতন
: জিনিয়াস কেজি স্কুল
: পিটি আই পরীক্ষণ বিদ্যালয়
: চমরগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়
: আগুনিয়াতাইড় সরকারি প্রাথমিক বিদ্যালয়
: টি এম মেমোরিয়াল একাডেমী
জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : মধুপুর
শিক্ষাপ্রতিষ্ঠান : হরিখালি সরকারি প্রাথমিক বিদ্যালয়
: মধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
: চরমধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : জোড়গাছা
শিক্ষাপ্রতিষ্ঠান : এনায়েত আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়
: গ্রামীণ কেজি স্কুল

জেলা : বগুড়া
উপজেলা : বগুড়া সদর
ইউনিয়ন/গ্রাম : বগুড়া পৌরসভা
শিক্ষাপ্রতিষ্ঠান : বগুড়া জিলা স্কুল

জেলা : বগুড়া
উপজেলা : সোনাতলা
ইউনিয়ন/গ্রাম : বালুয়া
শিক্ষাপ্রতিষ্ঠান : বালুয়াহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়

বাস্তবায়িত কার্যক্রমের পরিসংখ্যান

প্রকল্প: "বাহার উদ্দিন দরিদ্র শিক্ষার্থী শিক্ষা সহায়তা প্রকল্প"

ক্রমিক	প্রকল্প	শিক্ষার্থী		মোট শিক্ষার্থী	সুবিধাপ্রাপ্ত সময়
		ছেলে	মেয়ে		
০১	০১	০২ জন	০১ জন	০৩ জন	৫ বছর
০২	০২	০৪ জন	০৩ জন	০৭ জন	৪ বছর
০৩	০৩	০৮ জন	০৭ জন	১৫ জন	৫ বছর
০৪	০৪	০৬ জন	০৪ জন	১০ জন	৩ বছর
০৫	০৫	০৬ জন	০৮ জন	১৪ জন	৫ বছর
০৬	০৬	০৭ জন	০৭ জন	১৪ জন	৫ বছর
০৭	০৭	০৪ জন	০৬ জন	১০ জন	চলমান
মোট প্রকল্প ০৭ টি		৩৭ জন	৩৬ জন	৭৩ জন	

প্রকল্প: "আলোর প্রদীপ বৃত্তি প্রকল্প"

ক্রমিক	প্রকল্প সাল	শিক্ষার্থী		বৃত্তিপ্রাপ্ত মোট শিক্ষার্থী
		ছেলে	মেয়ে	
০১	২০০৯	০৩	০২	০৫ জন
০২	২০১১	০৬	০৮	১৪ জন
০৩	২০১৩	১৬	২২	৩৮ জন
০৪	২০১৪	২২	৩৫	৫৭ জন
০৫	২০১৫	৩৩	২৪	৫৭ জন
০৬	২০১৬	২৯	৪১	৭০ জন
০৭	২০১৭	৩২	৪৪	৭৬ জন
মোট সংখ্যা -০৭ টি		১৪১ জন	১৭৬ জন	৩১৭ জন

প্রকল্প: "বাহার উদ্দিন দরিদ্র শিক্ষার্থী শিক্ষা সহায়তা প্রকল্প"

ক্রমিক	এককালীন শিক্ষা উপকরণ প্রদান	শিক্ষার্থী		উপকরণ প্রাপ্ত মোট শিক্ষার্থী
		ছেলে	মেয়ে	
০১	২০০৮ সাল	১২	১৬	২৮ জন
০২	২০০৯ সাল	৩১	৩০	৬১ জন
০৩	২০১০ সাল	২২	৫৪	৭৬ জন
০৪	২০১১ সাল	৩৪	৪৬	৮০ জন
০৫	২০১২ সাল	১৫৮	১২৪	২৮২ জন
০৬	২০১৩ সাল	১৩২	১৫৬	২৮৮ জন
০৭	২০১৪ সাল	২০৪	১৫৩	৩৫৭ জন
০৮	২০১৫ সাল	১৬৭	২৬৮	৪৩৫ জন
০৯	২০১৬ সাল	২৩৭	১১৭	৩৫৪ জন
১০	২০১৭ সাল	১০৪	৭৮	১৮২ জন
১১	২০১৮ সাল	২০৯	১২২	৩৩১ জন
মোট কর্মসংখ্যা- ১১টি		১৩১০ জন	১১৬৪ জন	২৪৭৪ জন

প্রকল্প: "জামিল আখতার বীনু দরিদ্র শিক্ষার্থী পুষ্টি প্রকল্প"

ক্রম	ধরণ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষার্থী		সর্বমোট শিক্ষার্থী
			ছেলে	মেয়ে	
০১	নিয়মিত পুষ্টিকর খাবার হিসেবে একটি করে ডিম ও ফল খাওয়ানো হয়	আমলীতলা মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়	০০	০২	০৫ জন
		আড়িয়াচকনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়	০২	০০	
		বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়	০০	০১	
০২	অনিয়মিত পুষ্টিকর খাবার হিসেবে একটি করে ডিম, ফল, বিস্কুট, হরলিক্স খাওয়ানো হয়	আমলীতলা মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়	প্রতিমাসে একটি করে শিক্ষা প্রতিষ্ঠান		৩৫০ জন
		বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়			৪৫ জন
		আড়িয়াচকনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়			৮৮ জন
		চরমধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়			৫৬ জন
		রংরারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়			১১০ জন
		রানীরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়			১৮০ জন
	মোট শিক্ষা প্রতিষ্ঠান	মধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়			২২০ জন
০৩		১০ টি			১০৫৪ জন
তবে এই প্রকল্পের কার্যক্রম চলমান থাকায় নতুন শিক্ষা প্রতিষ্ঠান যুক্ত হবে					

প্রকল্প: "জামিল আখতার বীনু দরিদ্র শিক্ষার্থী পুষ্টি প্রকল্প"

ক্রম	ধরণ	সংখ্যা		মোট সংখ্যা
		নারী	পুরুষ	
০১	বাল্য বিয়ে প্রতিরোধ	০৫ জন	০০ জন	০৫ টি
০২	বাল্য বিয়ে সম্পর্কে সচেতন করা	১২৫৩ জন	২১৩ জন	১৪৬৬ জন
০৩	মাদক সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন প্রকাশ	২০১২,২০১৪,২০১৬,২০১৭,২০১৮ সালে		৫ টি
০৪	মাদক বিক্রয় কেন্দ্র চিহ্নিতকরণ ও পদক্ষেপ	সোনাতলা উপজেলায়		২৯ টি
০৫	মাদকের কুফলতা সম্পর্কে জনসেতনতার আওতায়	২২৩৮০ জন	৪৫৩৫৮ জন	৬৭৭৩৮ জন
০৬	জনসচেতনতা মূলক মঞ্চ নাটক মঞ্চায়ন	২০০৯, ২০১০, ২০১১, ২০১৫, ২০১৬ সালে		০৫ টি
০৭	সুস্থ সাংস্কৃতিক কর্মকণ্ড পারিচালনা	বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে		১৬৮ টি
০৮	মজার ইস্কুল কার্যক্রম পরিচালনা	আমলীতলা মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়		০২ টি
		রানীরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়		
০৯	দুস্থদের চিকিৎসা সহায়তা প্রদান	১২৩ জন	৮৬ জন	২০৯ জন
১০	কন্যা দায়গ্রস্থ পরিবারকে সহায়তা	২৩ জন	১১ জন	৩৪ টি
১১	দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ	১৪৫৭ জন	২৭৯৮ জন	৪২৫৫ টি
১২	বন্যার্তদের সহায়তা প্রদান	৮৯৬ জন	১২৩৪ জন	২১৩০ জন
১৩	সুস্থ সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে সচেতন করা	৩৩৫৬১ জন	৪৬২৭৮ জন	৭৯৮৩৯ জন
১৪	জরিপ কার্যক্রম পরিচালনা	শিক্ষা, মাদক, বাল্য বিয়ে, স্যানিটেশন সম্পর্কে		১২ টি
১৫	"ভাষা" নামক দেয়াল পত্রিকা প্রকাশ	আমলীতলা মডেল সরঃ প্রাঃ বিদ্যালয় ২০১২		০১ টি
১৬	"আলোর অগ্রদূত" নামক ম্যাগাজিন প্রকাশ	৭ম বর্ষে পদার্পণ উপলক্ষ্যে		০১ টি
১৭	"আলোর দূত" নামক অনলাইন মুখপত্র	ত্রিমাসিক (শিল্প, সাহিত্য)		০১ টি
১৮	আলোর প্রদীপ চাকরি বার্তা	অনলাইন পেইজ		০১ টি
১৯	কারুশিল্প ও ভাস্কর্য প্রদর্শনী দুই দিন ব্যাপী	সরকারি নাজির আখতার কলেজে		১০০ টি শিল্পকর্ম

সংগঠন পরিদর্শন করেছেন যারা:

০১. এ কে এম আহসানুল তৈয়ব জাকির
উপজেলা চেয়ারম্যান, সোনাতলা, বগুড়া।

০২. মোঃ জাকির হোসেন বেলাল
চেয়ারম্যান, সোনাতলা সদর ইউপি, সোনাতলা, বগুড়া।

০৩. মোঃ জাহাঙ্গীর আলম আকন্দ (নান্নু)
মেয়র, সোনাতলা পৌরসভা, সোনাতলা, বগুড়া।

০৪. মোঃ আহসান হাবিব
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

০৫. মোঃ জয়নাল আবেদীন
উপজেলা নির্বাচন কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

০৬. মোঃ নজরুল ইসলাম
উপজেলা শিক্ষা কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

০৭. মোঃ সারওয়ার জাহান
উপজেলা শিক্ষা কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

০৮. মোঃ সামিউল ইসলাম
উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

০৯. মাওলানা মোঃ ফজলুল করিম
অধ্যক্ষ, সোনাতলা ফাজিল ডিগ্রী মাদ্রাসা, সোনাতলা, বগুড়া।

১০. শাইখ মুহাম্মাদ নজরুল ইসলাম
অধ্যক্ষ, সরকারি নাজির আখতার কলেজ, সোনাতলা, বগুড়া।

১১. উত্তম কুমার মন্ডল
উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

১২. মোঃ হাবিবুর রহমান
উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

১৩. মোঃ আব্দুস সালাম
D.P.O বগুড়া।

১৪. আবুল কালাম আজাদ
A.D প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ।

১৫. মোঃ মোজাফফর আহম্মেদ
থানা তদন্ত কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

১৬. মোঃ সেলিম হোসেন
থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।

১৭. মোছাঃ রাশেদা আক্তার রুবি
প্যানেল চেয়ারম্যান, সোনাতলা সদর ইউপি, সোনাতলা, বগুড়া।

১৮. মোঃ মোশারফ হোসেন মজনু
সভাপতি, সোনাতলা প্রেস ক্লাব, সোনাতলা, বগুড়া।

১৯. মোঃ জাহিনুর ইসলাম
সাংবাদিক, সোনাতলা, বগুড়া।

২০. মোঃ হাবিবুর রহমান হাবিব
সাংবাদিক, সোনাতলা, বগুড়া।

২১. মোঃ আনারুল ইসলাম লিটন
সাধারণ সম্পাদক, সোনাতলা প্রেস ক্লাব, সোনাতলা, বগুড়া।

২২. মোঃ শহিদুল হক শাহীন
সাংবাদিক, সোনাতলা, বগুড়া।

২৩. ইকবাল কবির লেমন
সম্পাদক, বগুড়া বার্তা ২৪ ডটকম।

২৪. মোঃ সাইফুল ইসলাম
নির্বাহী চেয়ারম্যান, টিজিএস।

২৫. নিপুন আনোয়ার কাজল
পৌর কাউন্সিলর, সোনাতলা পৌরসভা।

২৬. মোঃ তাহেরুল ইসলাম তাহের
প্যানেল মেয়র, সোনাতলা পৌরসভা।

২৭. মোছাঃ ওয়াছিয়া আক্তার রুনা
সংরক্ষিত কাউন্সিলর, সোনাতলা পৌরসভা।

২৮. মোঃ হারুন-অর-রশিদ
পৌর কাউন্সিলর, সোনাতলা পৌরসভা।

২৯. মোঃ আতোয়ার রহমান
প্রধান শিক্ষক, মধুপুর সরঃ প্রাঃ বিদ্যালয়।

৩০. মোছাঃ সাবিনা ইয়াসমিন
প্রধান শিক্ষক, রানিরপাড়া সরঃ প্রাঃ বিদ্যালয়।

৩১. মোঃ ফজলে রাব্বি
প্রধান শিক্ষক, সবুজসাথী সরঃ প্রাঃ বিদ্যালয়।

৩২. প্রফেসর রফিকুল আলম
উপাধ্যক্ষ (অবঃ), সরকারি নাজির আখতার কলেজ।

৩৩. প্রফেসর অরুন বিকাশ গোস্বামী

অধ্যক্ষ (অবঃ), সরকারি নাজির আখতার কলেজ।

৩৪. ড.এ কে এম আজাদুর রহমান
পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, নাটোর।

৩৫. জামিল আখতার বীনু
লেখক ও সম্পাদক, কতকথা, ঢাকা।

৩৬. মহসীন আলী তাহা
সাধারণ সম্পাদক, মুক্তাঙ্গণ।

৩৭. মোঃ উজ্জ্বল হোসেন খোকন
প্রতিষ্ঠাতা পরিচালক, সোনাতলা সাংস্কৃতিক সংগঠন।

৩৮. মোঃ শাহাদত জামান শাহীন
সভাপতি, ভোর হলো, সোনাতলা, বগুড়া।

৩৯. শীমন আহম্মেদ বাদল
সাধারণ সম্পাদক, সোনাতলা থিয়েটার।

৪০. রাশেদুজ্জামান রন
সমন্বয়ক, যুদ্ধদলিল, বগুড়া।

৪১. মোঃ সানাউল ইসলাম রিজু
সাধারণ সম্পাদক, লালন সঙ্গীত একাডেমী।

৪২. মশিউর রহমান
ক্রীড়া সম্পাদক, কালের কণ্ঠ শুভ সংঘ, কেন্দ্রীয় কমিটি।

৪৩. মোঃ মনিরুজ্জামান
ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, সোনাতলা, বগুড়া।

আলোর প্রদীপ সংগঠনের শুরু যেভাবে

"উদয়ের পথে শুনি কার বাণী
ভয় নাই ওরে ভয় নাই,
নিঃশেষে প্রাণ যে করিবে দান
ক্ষয় নাই তার ক্ষয় নাই।"

কবি গুরু রবিন্দ্রনাথ ঠাকুরের কথার সূত্র ধরে শুধু বলতে চাই যে প্রাণ অন্যর জন্য ব্যয়িত, সে প্রাণের স্থায়ীত্ব চিরসমুজ্জ্বল, চিরভাস্বর। লেখার শুরুতেই পরম শ্রদ্ধার সহিত স্মরণ করছি আমার প্রিয় শিক্ষক ও "আলোর প্রদীপ" সংগঠনের সম্মানিত উপদেষ্টা শ্রদ্ধেয় মরহুম বাহার উদ্দিন ও একরামুল হক সাজু কে। আরো স্মরণ করি সংগঠনের অন্যতম সদস্য কৃতি ফুটবল খেলোয়ার সোহেল রানা কে। তারা আমাদের মাঝে নেই, কিন্তু তাদের নীতি, আদর্শ রেখে গেছেন আমাদের মাঝে। যা আমরা অক্ষরে অক্ষরে পালনের আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি। তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

সংগঠনের শুরু থেকেই যেহেতু এই প্রতিষ্ঠানটির সাথে আমার অবিচ্ছেদ্য একটি আত্মার সম্পর্ক গড়ে উঠেছে সেহেতু নৈতিক দায়িত্ববোধ থেকেই এই সংগঠনের সূচনা লগ্নের কিছু কথা তুলে ধরার চেষ্টা করছি। যেভাবে মাথায় চিন্তাটি আসলো । তখনো সংগঠন কিভাবে করতে হয় বা কিভাবে চালাতে হয় সে সম্পর্কে কোন ধারণাই আমার ছিলো না। কারণ তখন সবে দ্বাদশ শ্রেণীতে অবস্থান আমার। একদিন বৃষ্টির দিনে বারান্দায় বসে দাদা আমি আর দাদি ও পাশের বাড়ির সম্পর্কে ভাবী বসে গল্প করছি। গল্পের এক পর্যায়ে ভাবীর ছেলে-মেয়েদের পড়াশুনার আলাপ তুললেন দাদা। তখন ভাবী বেশ আক্ষেপ নিয়েই বলছে যে, "কেমনে ইস্কুলত যাবি দাদা। ওর বাপ এনা গাইট কিনে দিবের পাচ্ছে না। গাইট নাই, পেরাইভেট নাই তাই পড়া পায় না। মাস্টাররা মারে । তাই ইস্কুলোত যাবার চায় না। "কথা গুলো আমার মগজে বেশ নাড়া দেয়। কারণ কথা সত্যিই । তার অভাবের সংসারে দুই ছেলে-মেয়েকে সারাদিন ভ্যান চালিয়ে পড়াশুনার খরচ চালানো বেশ কষ্টের। চিন্তার শুরু সেখান থেকেই বলতে গেলে ।

সম্পূর্ণ গ্রামীণ একটি পরিবেশে একটি জাতীয় ও আন্তর্জাতিক চিন্তা-চেতনা সম্পূর্ন প্রতিষ্ঠান গড়ে তোলাটা ছিলো বেশ কষ্টসাধ্য। কেননা এখানকার পরিবেশ ছিলো আমাদের প্রতিকূলে। একঝাক কিশোরের হাত ধরে যে, এই প্রতিষ্ঠান এতোটা গ্রসর হতে পারবে তা ছিলো চিন্তার বাইরে। মাত্র দুই টাকা থেকে আমাদের যাত্রা। তখন অনেকের কাছে সংগঠনের মূল চিন্তা বা কাজের বিষয়টি নিয়ে আলোচনার জন্য গেলে কেউ বলতো সাপ্তাহিক দুই টাকা দিয়ে কি হবে? এটা সম্ভব না। এভাবে বেশ হোচট খেলাম। কিন্তু আশার হাল ছাড়লাম না। আমার সমবয়সী যারা আছে তাদের বুঝাতে লাগলাম এই বলে যে, তোমরা তো সিগারেট খাও। ধরো দিনে ৫টা সিগারেট খাও। আর সপ্তাহে ৩০টা। প্রতিটি সিগারেটের দাম ২টাকা হলে সপ্তাহে ৬০টাকা। আচ্ছা এই ৬০ টাকা থেকে যদি ২টাকা দিয়ে গ্রামের যেসব শিক্ষার্থী অর্থের অভাবে পড়াশুনা করতে পারছে না, তাদের পড়াশুনার ব্যবস্থা করা হয় তাহলে কি খুব খারাপ হবে! প্রথমে কোন উত্তর বা মতামত না এলেও দেখি সবাই একটু বিষয়টা নিয়ে ভাবতে শুরু করেছে। কিন্তু প্রশ্ন ঐ একটাই সপ্তাহে দুই টাকা জমিয়ে আর কতো হবে? এটা দিয়ে অদৌ কি সবার পড়াশুনার খরচ চালানো সম্ভব? কিন্তু কি ভেবে যেনো আমার বড় ভাই ও সহপাঠী মোঃ মহসীন আলী আমার হাতে দুই টাকা দিয়ে বললো দেখি কি করেন। ব্যাস সেই শুরু। আস্তে আস্তে বিষয়টা সবাইকে আরো বুঝাতে লাগলাম। দেখি ধীরে ধীরে মামুন ভাই, রিপন, স্বপন, রাসেল এরা পরের সপ্তাহে আমাকে দুই টাকা করে দিতে শুরু করলো। আমিও আমার ডাইরির শেষ পাতায় সবার নামে ঐ টাকা জমা করলাম। ইতিমধ্যে আমার শিক্ষক প্রভাষক আব্দুল রাজ্জাক স্যারের সাথে এ বিষয়ে একটু আলোচনা হলো। তিনি আমাকে সাহস দিলেন আর বললেন ঠিক আছে আমিও তোমাদের সাথে থাকবো। ধীরে ধীরে টাকার পরিমাণ ৪০ টাকা হলো। এখন প্রশ্ন আসলো সংগঠনটির নাম, এর ধরণ, সদস্য কিভাবে গ্রহণ করা হবে ইত্যাদি বিষয়ে। আমি আর রিপন একদিন বৃষ্টির দিনে আমার দাদা যে বারান্দায় বসে ডাক্তারি করতো সেই জায়গাতে বসে সংগঠনের নাম আর শ্লোগান নিয়ে বেশ চিন্তা করতে শুরু করলাম। অনেকগুলো নাম আমরা খাতায় লিখলাম। কিন্তু কোন নামই পছন্দ হচ্ছিলো না। এক পর্যায়ে এভাবে "আলোর প্রদীপ" আর "সুন্দর জীবনের প্রত্যয়ে" এই শ্লোগানটি মাথায় চলে আসলো। কিন্তু প্রশ্ন? আলোর আর প্রদীপ তো একই অর্থ। তখন চিন্তা করে বের করলাম যে এক অর্থ হলেও আমরা তো প্রতীকী অর্থে ব্যবহার করতে পারি। আর

গ্রামের দরিদ্র শিক্ষার্থীদের পড়াশুনার খরচ আমরা চালাবো।

অতএব,যারা টাকা দিচ্ছিলো তাদের একত্রিত হওয়া জরুরী বিধায় আব্দুল রাজ্জাক স্যারের পরামর্শে সোনাতলা ইউনিয়ন পরিষদের কাজী অফিসে ১১ই অক্টোবর ২০০৮ খ্রিষ্টাব্দ একটি সভা আহ্ববান করা হলো। সেই সভায় যথারীতি দেখি সবাই উপস্থিত। স্যারও এলেন সভায়। আমরা তো কিছুই বুঝি না তাই সভার সব দায়িত্ব স্যারের উপর দেওয়া হলো। দীর্ঘ আলোচনার পর আমাদের প্রস্তাবকৃত নাম, শ্লোগান, সংগঠনের ধরণ, সদস্যপদ প্রদানের প্রক্রিয়া ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত হলো। আমার দিব্যি মনে আছে সেদিনের সভা শেষে উকিল ভাইয়ের দোকান থেকে দুই প্যাকেট চানাচুর আর সল্টেচ বিস্কুট দিয়ে আমাদের অ-আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। পরে সদস্যপদ প্রদানের জন্য কিছু সাধারণ নিয়ম চালু করা হলো। আস্তে আস্তে সদস্য ফরম, সদস্যপদ বাড়ানো সহ সার্বিক কার্যক্রম এগিয়ে যেতে থাকলো।

সিদ্ধান্ত হলো আমরা পঞ্চম শ্রেণি পর্যন্ত দরিদ্র শিক্ষার্থীদের পড়াশুনার সকল খরচ সংগঠন থেকে বহন করবো। মেধাবী নয় বরং শিক্ষার্থী নির্বাচনে তার পরিবারের আর্থিক সামর্থ্য ও দারিদ্রতা বিবেচ্য হবে। ব্যাস শুরু সেখানেই । আশার কথা একটাই যে আজ পর্যন্ত আমরা ৭৩ জন অতি দরিদ্র শিক্ষার্থীদের পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার ব্যয়ভার বহন করতে সক্ষম হয়েছি। ধীরে ধীরে সদস্যপদ সংখ্যা বাড়তে থাকলো যে ধারা আজও অব্যাহত আছে। আমি সংগঠনের যাত্রা লগ্নের সদস্যদের কাছে চিরকৃতজ্ঞ যে তারা এই সংগঠন প্রতিষ্ঠার ক্ষেত্রে যে কি আপ্রাণ প্রচেষ্টা বা শ্রম দিয়েছিলো তা বলার মতো না। সেসব সদস্যর মধ্যে বিশেষ করে মহসীন আলী, মেহেদী হাসান, রাসেল, রাজ্জাক স্যার, মোখছেদুল ইসলাম, আজাদ হোসেন, শাহাব উদ্দিন, মনিরুল, মেহেদী হাসান বাপ্পী, রবিউল আউয়াল, হাসিবুল হাসান অনিক, সানাউল হক, পাভেল কাজী, আব্দুল মমিন, মতিয়ার হোসেন, সুলতান আকন্দ, প্রমূখ নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তবে পরবর্তীতে আরো যারা এসেছেন তারাও যে সংগঠনের জন্য কম পরিশ্রম করেছেন বা এখনো করে যাচ্ছেন তা অস্বীকার করা যায় না। সংগঠনের এতো দূর আসার পেছনে আমাদের প্রত্যকটি সদস্যর অক্লান্ত পরিশ্রম রয়েছে। আমাদের উপদেষ্টা তারাও আমাদের প্রতিনিয়তই তাদের বুদ্ধি ও চেতনাদীপ্ত পরামর্শ প্রদান ও কাজ করে যাচ্ছেন। তাদের প্রতি কৃতজ্ঞ

জানানোর ভাষা আমার জানা নেই। আরো কৃতজ্ঞতা না জানালে বড়ই অকৃতজ্ঞের পরিচয় দেয়া হবে, সোনাতলা ইউনিয়ন কাজী অফিস, আমলীতলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনাতলা প্রি-ক্যাডেট স্কুল ও সোনাতলা সদর ইউনিয়ন পরিষদসহ কাবিলপুর গ্রামের নেতৃস্থানীয় সুধীবর্গ, সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ, অগ্রজবৃন্দ, রাজনীতিবিদ, সোনাতলা প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ ও অত্র উপজেলার সকল জনসাধারণের প্রতি। তারা আমাদের প্রত্যেকটি কাজে স্নেহ-বাৎশল্য মমতার হাত বাড়িয়ে দিয়ে আমাদের আলোর প্রদীপ কে মহীরূপে রুপান্তরিত করার পথে অগ্রগণ্য ভূমিকা রেখেছেন ও রাখছেন তা চিরস্মরণীয় হয়ে থাকবে।

পরিশেষে সকল তরুণ সমাজের উদ্দেশ্য বলতে চাই---

''নিজেকে জানো ও বোঝ এবং তাদানুসারে কাজ করো। সাফল্য তোমার নাগালেই।'' ধন্যবাদ। খোদা হাফেজ

এম এম মেহেরুল
চেয়ারম্যান

আলোর প্রদীপের অনির্বাণ শিখায় আলোকিত হোক সমাজ

ইকবাল কবির লেমন

চেতনা, অহঙ্কার, প্রত্যাশা, প্রাপ্তি আর ভালবাসার প্রিয় নাম বাংলাদেশ। শত সহস্র বছরের আরাধ্য এ দেশের সূর্য সন্তান তরুণ-যুবকদের প্রাণময় সাবলিল উপস্থিতিতে বার বার শাণিত হয়েছে চেতনা। স্পর্ধিত তারুণ্যে যুক্ত চেতনা সকল বৈষম্যে তাদের করে তুলেছে প্রতিবাদী। ব্রিটিশ বিরোধী ফকির সন্যাস আন্দোলন, ফরায়েজী আন্দোলন, ইংরেজ খেদাও আন্দোলন, বাংলা ভাষার আন্দোলন, ছয় দফা আন্দোলন, শিক্ষা আন্দোলন, স্বৈরাচার বিরোধী আন্দোলন, ১১ দফা আন্দোলন ও মহান মুক্তি সংগ্রামে অকুতোভয় তারুণ্য দেখিয়েছিল সুশৃঙ্খল একতা, দেশপ্রেম। একটি প্রশিক্ষিত বিশ্বসেরা সামরিক বাহিনীকে মাত্র নয় মাসের যুদ্ধে নাকানি-চুবানি দিয়ে পরাস্ত করে বিশ্ববাসীর সামনে পতপত করে লাল সবুজের পতাকা উড়িয়েছিল যারা সে তালিকায় তরুণ-যুবাদের সংখ্যাই অগ্রগণ্য।

দেশপ্রেমিক প্রবীণদের সাথে নবীন তরুণ-যুবাদের মেধাদীপ্ত প্রচেষ্টায় বাংলাদেশ আজ সকল ক্ষেত্রে সক্ষমতার পরিচয় দেয়া অন্যতম দেশে পরিণত হয়েছে। বাংলাদেশ আজ অনেক দেশেই অনুকরণীয়।

এই যে সৃষ্টিশীল তারুণ্য, অনন্ত সম্ভাবনার তারুণ্য তাকেও মাঝে মাঝে মূল কক্ষপথ থেকে ভিন্ন পথে পরিচালিত করতে তৎপর হয় দুর্নীতি, আদর্শহীনতা, অশীষ্ট কর্মকাণ্ড। নেতিবাচক এ বিষয়গুলো যখন সমাজকে বিষময় করে সমাজকে একেবারে নষ্ট করতে উদ্যত হয় ঠিক তখনি ত্রাতার ভূমিকায় অবতীর্ণ হয় উচ্ছলতা, প্রাণশক্তি আর নৈতিকতায় ভরপুর মূল স্রোতের তারুণ্য ও তাদের দ্বারা পরিচালিত সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলো। কক্ষচ্যুত তরুণ, যুব সমাজ ও অবক্ষয়ে নিমজ্জিত সমাজকে মূল কক্ষপথে ফিরিয়ে আনতে সেই যুব সমাজ ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলো নিজের খেয়ে বনের মোষ তাড়ানোর মতো শুরু করে প্রাণান্ত প্রচেষ্টা। ঘুণে ধরা নিমজ্জিত সমাজে আবার ফিরে আসে প্রাণ।

সোনাতলার আলোর প্রদীপও সমাজ বিনির্মাণকারী তেমনি একটি সামাজিক সংগঠন। সংগঠনটির সদস্যরা নিরবে-নিভৃতে আলোকিত করছে সমাজের অন্ধকারাচ্ছন্ন জায়গাগুলোকে। তাদের আলোর প্রদীপের দোদীপ্যমান শিখায় বিতাড়িত হচ্ছে অজ্ঞতা, শঠতা, বিবেকহীনতা, দুর্নীতি, মাদক, বাল্য বিয়েসহ

গুমোট সব অন্ধকার। চেতনাবোধ জাগ্রত হচ্ছে কক্ষতাচ্যুতদের।

আলোর প্রদীপের মতো সামাজিক সংগঠনগুলোর চেতনার বহ্নিশিখা অনির্বাণ থাকলে পথ হারাবেনা জাতি, পথ হারাবেনা বাংলাদেশ।

(লেখক সম্পাদক-বগুড়া বার্তা ২৪ ডটকম ও প্রয়াস,
সংস্কৃতি কর্মী এবং কলেজ শিক্ষক)

তবু বেঁচে থাকা

বিশ্বজিৎ সেনগুপ্ত

সাতগাছি বাসস্ট্যান্ড। বাসস্ট্যান্ডের ঠিক পেছনে চিত্তর চায়ের দোকান। ভোরের আলো ফুটতে না ফুটতেই চা পিপাসু মানুষেরা সেখানে ভিড় জমাতে শুরু করে। সকালের প্রথম চায়ের নেশা, আমাকেও প্রতিদিন নিয়ে যায় চায়ের আড্ডায়।

চায়ের আড্ডায় মশগুল থাকলেও, কিছুদিন ধরে লক্ষ্য করছি- ঐ বাসস্ট্যান্ডে এক বৃদ্ধার আবির্ভাব ঘটেছে। বয়স মোটামুটি সত্তর ছুঁইছুঁই। বাসস্ট্যান্ডে যাত্রীরা আসেন আবার চলেও যান।এটাই স্বাভাবিক। কিন্তু, বৃদ্ধা এসে, ওখানেই ঘাঁটি গেড়ে বসলেন। সঙ্গে একটা পুটুলি আর একটা জলের বোতল। ঐ পুটুলিতে হয়ত বেঁচে থাকার জন্য, ক'দিনের রসদ মজুত করা ছিল।

সেগুলো শেষ হতেই, বৃদ্ধার শরীর ধীরেধীরে ভাঙতে শুরু করে। অথচ, মানুষের কাছে হাত পাতার স্বভাব তাঁর নেই। শুধু মাঝেমাঝে জলশূন্য বোতলটা নিয়ে, অশক্ত দেহে, চিত্তর দোকানে এসে জল চায়। শুধু জল কেন, চিত্তকে দেখেছি, কখনও নিজের হাতে গড়া চায়ের সাথে কিছু খাবারও ওকে দিয়েছে। কিন্তু, তাতে করে তো একটা মানুষ সম্পূর্ণ সুস্থ অবস্থায় বেঁচে থাকতে পারে না। আমাদের চোখের সামনে উঁনি ক্রমশ শীর্ণ থেকে শীর্ণতর হয়ে পড়ছেন। হাঁটার ক্ষমতাও তাঁর নেই বললেই চলে।

এলাকার উদ্যোগে তাঁকে নিয়ে যাবার জন্য, কোন এক সামাজিক সংস্থার সাথে যোগাযোগ যে করা হয় নি, তা নয়। কিন্তু, কোনমতেই তাঁকে সেখান থেকে সরানো যায়নি। উঁনি কিছুতেই অন্য কোথাও আর যাবেন না। জোর করে হয়ত তাঁকে নিয়ে যাওয়া যেত। কিন্তু সেটা করা হয় নি।

হতে পারে, কারও ইচ্ছের বিরুদ্ধে নিয়ে যাওয়াটা, সংস্থার নিয়ম-বিরুদ্ধ।

যাই হোক, গড়িয়ে যায় আরও কিছু সময়। বাসস্ট্যান্ডের এককোণে, চেয়ারে বসা মানুষটিকে দেখলে মনে হয়, বিধাতার দেওয়া প্রাণটুকু বিধাতাকেই ফিরিয়ে দেওয়ার জন্য,ধ্যানমগ্ন হয়ে উঁনি বসে আছেন। না হলে, একটানা ওভাবে ক'জন বসে থাকতে পারে!

ওভাবে বসে থাকতে দেখে, একদিন এগিয়ে গেলাম ওর কাছে। কিছু টাকা ওর হাতে গুজে দিয়ে জিজ্ঞাসা করলাম- আপনার কেউ নেই? ক্ষীণ-কণ্ঠে উত্তর ভেসে এল ওর

কণ্ঠ থেকে- আমার মা আছেন। আপনার মা-বিস্ময় ঝরে পড়ল আমার গলায়। এই মা কী ওর নিজের মা। নাকি উনি ঈশ্বরের কথা বলছেন। আবার ভাবলাম, উনি কী অবিবাহিতা। নাকি ওর কোন ছেলেপুলে নেই। নাহলে শুধু মায়ের কথা বললেন কেন। নাকি, ছেলেপুলে থাকলেও, আজ ওর এই অবস্থার জন্য, তারাই দায়ী। এর উত্তর পেতে, আরও দু'একটা প্রশ্ন ওকে করেছিলাম। যদিও, সেসব প্রশ্নের উত্তর উনি দেননি। প্রশ্ন করা থেকে বিরত হয়ে, গুটিগুটি পায়ে বাড়ির দিকে এগিয়ে যেতে যেতে মনে হল- সব কেনর হয়ত উত্তর দেওয়া যায় না।

গড়িয়ে যাওয়া সময়ের সাথে, তাঁর এই আস্তানাটুকুও একদিন পাল্টে গেল। বলা ভাল-পাল্টে দিতে হল। বাসস্ট্যান্ড তো আরও দশ জনের সুবিধার্থেই করা হয়ে থাকে। তা যদি কারও জন্য নোংরা, অস্বাস্থ্যকর হয়ে ওঠে, সেটাও তো হতে পারে না। তাঁকে সরিয়ে দেওয়া হল একটা 'সেফ' জায়গায়।

সময় পেরিয়ে মাস, মাস পেরিয়ে বছর এসে গেল। তাঁকে দেওয়া খাবারগুলোর বেশির ভাগ আজ পড়ে থাকে পাশে। দরদি রমেন এসে মাঝে মাঝে তাঁকে খাইয়ে যায়। পরনের নাইটিটাও এক-আধদিন পাল্টে দেয়। পাশে পড়ে থাকা খাবারে পচন ধরে। উঁনি চাইলেও, সে পোকারা এখনও আসেনি তাঁর কাছে...

(লেখক ও শিক্ষক, দমদম, কলকাতা)

যদি পারতাম

কাউছার রহমান সুজন

যদি পারতাম প্রত্যাখ্যান করতাম এই পরগাছা জন্ম
টবের কালো গোলাপের মতো,
কালো মাছির মতো,
বিকেলের ঘুমের মতো,
এক টুকরো মাখনের মতো স্বল্পায়ু।
ধুলোবালি ও কাঁদার মাঝে গড়াগড়ি খাওয়া সামান্য জীবন,
পিছু পিছু ধাওয়া করা মৃত্যু
সব প্রত্যাখ্যান করতাম।
কেউ যদি অদল বদল করে নিতো মরুভূমির বদলে মরুদ্যান,
বালুচরের বদলে এক টুকরো সমুদ্র সফেন।
তবে বাক্যগুলো সব কেজি দরে বিক্রি করে দিতাম সস্তা দরে।

(নর্থ সাউথ ইউনিভার্সিটি, shibgonjsujon@gmail.com)

স্মৃতিচিত্র



আন্তর্জাতিক মাদক প্রতিরোধ দিবস উপলক্ষে
সামাজিক সচেতনতা বৃদ্ধি শীর্ষক
মানব বন্ধনও র‍্যালি



"আলোর প্রদীপ বৃত্তি প্রকল্প- ২০১৬" এর কৃতি শিক্ষার্থীদের
শিক্ষা সহায়তা প্রকল্প-৬"
অনুষ্ঠান
আলোর প্রদীপ।

আলোর প্রদীপ

আলোর প্রদীপ

মনিটরিং বোর্ড

আয়না-০১